-১৪১-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরিপারা, তেজগাঁও, ঢাকা-১২১৫
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২৪৪.১৯/২৭৪ তারিখঃ ২৫-০৯-২০২৪

# অফিস আদেশ

জেডিপিসি'র উদ্যোক্তা নিবন্ধন, নবায়ন, উদ্যোক্তাগণের তথ্য ছক পূরণ, পণ্য সরবরাহ ও বিপণন বিষয়ক সঠিক ব্যবস্থাপনার বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও মোবাইল নম্বর | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১। | জনাব সীমা বোস অধরা<br>পরিচালক (এমআরপি), জেডিপিসি | আহবায়ক |
| ০২। | জনাব মো: মোজাহিদুল ইসলাম<br>মনিটরিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি | সদস্য |
| ০৩। | জনাব মো: জাহাঙ্গীর আলম<br>টেকনোলজী রিসার্চ এ্যান্ড ট্রেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি | সদস্য |
| ০৪। | সৈয়দ জাকারিয়া<br>পার্সোনাল অফিসার, নিবন্ধন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেডিপিসি | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি**

১। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

২। কমিটি নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে সকল কাজ সম্পাদন করবেন এবং তাঁর বরাবরে মাসিক প্রতিবেদন পেশ করবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/০৯/২০২৪
(জিনাত আরা)
অতিরিক্ত সচিব
ও
নির্বাহী পরিচালক

**বিতরণঃ**

১। সংশ্লিষ্ট কর্মকর্তা, জেডিপিসি ১৪৫, মনিপুরিপাড়া, তেজগাও, ঢাকা।
২। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি ১৪৫, মনিপুরিপাড়া, তেজগাও, ঢাকা।
৩। নথি।

# জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)'র উদ্যোক্তা নিবন্ধন/ব্যবস্থাপনা নীতিমালা

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও
ঢাকা-১২১৫।

তারিখ: ১৭ নভেম্বর ২০২৪

০১। বহুমুখী পাটপণ্য/পাট নিয়ে কাজ করেন বা করতে আগ্রহী সকল নাগরিক জেডিপিসি'র উদ্যোক্তা হিসেবে নিবন্ধনের/ তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন;

০২। জেডিপিসি'র নির্ধারিত নিবন্ধন আবেদন পত্রে সংযুক্তিসহ সরাসরি/অনলাইন/মাইগভ লিংকের মাধ্যমে আবেদন করতে হবে;

০৩। নিবন্ধন আবেদন পত্র সরাসরি জেডিপিসি, জেডিপিসি'র ওয়েবসাইট, জেইএসসি এবং মাইগভ লিংকে বিনা মূল্যে পাওয়া যাবে। আঞ্চলিক উদ্যোক্তাগণ সংশ্লিষ্ট জেইএসসির মাধ্যমে কিংবা অনলাইনে আবেদন করতে পারবেন;

০৪। <u>আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে</u>

৪.১। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি
৪.২। ফ্যাক্টরীর ট্রেড লাইসেন্স (যদি থাকে)
৪.৩। এন.আই.ডি. ও ছবি
৪.৪। ব্যাংক একাউন্ট-এর বিবরণ
৪.৫। টি. আই. এন + প্রদেয় টাকার রশিদ
৪.৬। ভ্যাট লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.৭। পাট অধিদপ্তরের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.৮। পরিবেশ অধিদপ্তরের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.৯। কলকারখানা অধিদপ্তরের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.১০। ফায়ার সার্ভিসের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.১১। ই.আর.সি. লাইসেন্স/আই.আর.সি. লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.১২। ফ্যাক্টরীর কমপ্লাইয়েন্স সার্টিফিকেট এর ফটোকপি (যদি থাকে)
৪.১৩। কোম্পানীর প্রোফাইল (বিস্তারিত বিবরনসহ)
৪.১৪। প্রতিষ্ঠানের ওয়েবসাইট
৪.১৫। প্রোডাক্ট ক্যাটালগ
৪.১৬। অন্যকোন এসোসিয়েশন/চেম্বার-এর মেম্বারশীপ সার্টিফিকেট এর ফটোকপি (যদি থাকে)
৪.১৭। ফ্যাক্টরীর সংক্ষিপ্ত বিবরন (যদি থাকে)
৪.১৮।ব্যবসায়িক কার্যক্রমে জড়িত না হয়ে যদি অন্য কোন ভাবে প্রতিষ্ঠান বা ব্যক্তিগত পর্যায়ে বহুমুখী পাটপণ্য সেক্টরে যুক্ত থাকেন তবে, বিস্তারিত তথ্য দিয়ে আলাদা পেপারে বর্ণনা দিয়ে তথ্য দাখিল করেন। পরিবেশ লাইসেন্স এবং অগ্নি নির্বাপক লাইসেন্স (যদি থাকে)
৪.১৯। প্রোডাক্ট ক্যাটালগ ও ভিজিটিং কার্ড (যদি থাকে)
৪.২০। নিবন্ধন ফি (অফেরতযোগ্য) এর পেমেন্ট রশিদ এর কপি আবেদনের সাথে দাখিল করতে হবে;

০৫। পূরণকৃত আবেদন পত্রের সাথে সকল সংযুক্তির হার্ড কপি ও সফট কপি দাখিল করতে হবে;

০৬। শুধুমাত্র নিবন্ধিত উদ্যোক্তাগণই জেডিপিসি আয়োজিত বিভিন্ন মেলা, সভা-সেমিনার, ওয়ার্কশপ এ অংশগ্রহণের সুযোগ পাবেন;

০৭। নিবন্ধিত উদ্যোক্তা ব্যতীত জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে বহুমুখী পাটপণ্য প্রদর্শন বা বিক্রয়ের জন্য দেয়ার সুযোগ পাবেন না;

০৮। নিবন্ধন প্রদানের পূর্বে আবেদন পত্রে প্রদত্ত তথ্য যাচাই বাছাই করার জন্য নিবন্ধন ব্যবস্থাপনা কমিটির মনোনীত সদস্য কারখানা সরাসরি/ভার্চুয়ালী পরিদর্শন পূর্বক সুপারিশসহ সচিত্র বাস্তব প্রতিবেদন নির্বাহী পরিচালক বরাবরে পেশ করবেন এবং সুপারিশ অনুযায়ী নির্বাহী পরিচালক মহোদয়/পরিচালক (নিবন্ধন কমিটি প্রধান) এর অনুমোদনক্রমে নিবন্ধন প্রদান করা হবে;

০৯। জেডিপিসি' অধীন জুট এন্ট্রপ্রেনীয়র্স সার্ভিস সেন্টার (জেইএসসি)তে দাখিলকৃত আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিদর্শন প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সেন্টার ইনচার্জগন সুটারিশসহ জেডিপিসিতে প্রেরণ করবেন;

১০। ট্রেড লাইসেন্সে এর ঠিকানা অনুযায়ী নিবন্ধন করা হবে এবং তিনি সংশ্লিষ্ট জেলার উদ্যোক্তা হিসেবে গন্য হবেন। এক ট্রেড লাইসেন্সে একাধিক প্রতিষ্ঠান/ব্যাক্তির নামে তালিকাভুক্ত করা হবে না;

১১। যে কোন আবেদন সঠিক তথ্য/যথাযথভাবে এবং নির্ধারিত ফি প্রদানের রসিদসহ আবেদন দাখিল করতে হবে। ভুল/মিথ্যা তথ্য প্রদান বা যে কোন কারণে আবেদনকারীর আবেদন বাতিল হলে পরিশোধকৃত নিবন্ধন ফি ফেরত দেয়া হবে না;

১২। বাতিলকৃত আবেদনকারী যদি পুনরায় যথযথ আবেদন করেন তাহলে দ্বিতীয়বার আর নিবন্ধন ফি জমা করার প্রয়োজন নেই আবেদনের সাথে পূর্বের মানি রিসিপ্ট সংযুক্ত করতে হবে অন্যথায় পুন: ফি পরিশোধ করতে হবে;

১৩। <u>নিবন্ধনের ফি/নিবন্ধন নবায়ন ফি সনদপত্রের ফি সমুহ:</u>
১৩.১। নিবন্ধন ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা
১৩.২। নবায়ন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা
১৩.৩। সনদপত্র ইস্যু ফি ১০০০.০০ (এক হাজার)
১৩.৪। পূন: নিবন্ধন ফি ৫,০০.০০ (পাঁচ হাজার) টাকা
১৩.৫। নাম পরিবর্তন ইস্যু ফি ১০০০.০০ (এক হাজার) টাকা
১৩.৬। প্রতিবারের জন্য আলাদা ফি প্রদান করতে হবে এবং MFS পেমেন্টের ক্ষেত্রে চার্জ প্রযোজ্য;

১৪। প্রাথমিক নিবন্ধনের মেয়াদ ০১ (এক) বছর। নিবন্ধন নবায়নের মেয়াদ ০৩ বছর। যে কোন ফি জেডিপিসি কর্তৃপক্ষ বৃদ্ধি/হ্রাস করার ক্ষমতা সংরক্ষণ করে। নবায়নের জন্য নির্ধারিত আবেদন পত্রে সংযুক্তিসহ আবেদন করতে হবে;

১৫। কোন উদ্যোক্তার নিবন্ধন বাতিল করা হলে জেডিপিসি কর্তৃপক্ষ যদি তার বাতিলকৃত নিবন্ধন পূনর্বহাল রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন তাহলে শুধু মাত্র একবারের জন্য পুন: নিবন্ধন ফি ৫,১০০.০০ (পাঁচ হাজার একশত) টাকা MFS চার্জসহ পুন: নিবন্ধন ফি পরিশোধ করতে হবে। দ্বিতীয়বার এ ধরনের আবেদনের সুযোগ নাই;

১৬। জেডিপিসি পরিচালিত যে কোন সার্ভে, সমীক্ষা বা ডাটা বেইজ তৈরীতে চাহিদা অনুযায়ী তথ্য প্রদান করতে হবে;

১৭। উৎপাদিত সকলধরনের পাটপণ্যে অবশ্যই ৫০% অধিক পাটের অংশ থাকতে হবে;

১৮। অবশ্যই জেডিপিসি'র মেলা, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে পণ্য প্রদান, প্রদর্শন বিক্রয়ে ক্ষেত্রে বহুমুখী পাটপণ্য (পণ্যটিতে ৫০% অধিক পাটের উপস্থিতি) থাকা নিশ্চিত করতে হবে অন্যথায় তার নিবন্ধন বাতিল করা হবে;

১৯। তালিকাভুক্তির পর যদি কোন উদ্যোক্তা প্রতিষ্ঠান ০৩ (তিন) মাসের মধ্যে জেডিপিসি'র সেলস্ সেন্টারে পাটপণ্য প্রদানে ব্যর্থ হন কিংবা জেডিপিসি আয়োজিত সভা,সমাবেশ, ওয়ার্কশপ, সেমিনার, মেলা ও প্রদর্শনীতে যুক্তিসংগত কারণ ব্যাতিরিকে অংশগ্রহণ না করেন বা নিস্ক্রিয় থাকেন অথবা জেডিপিসি ও জনস্বার্থ বিরোধী কোন কাজ করেন তাহলেও তার নিবন্ধন বাতিল বলে গণ্য হবে;

২০। জেডিপিসি আয়োজিত প্রোডাক্ট ডেভলপমেন্ট, ডিজাইনওয়ার্কশপ ও প্রশিক্ষনসমূহে উৎপাদিতপণ্য আবশ্যিকভাবে প্রদর্শন ও বিক্রয়ের জন্য জেডিপিসি প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে প্রদান করতে হবে । অন্যথায় সংশ্লিষ্ট উদ্যোক্তা জেডিপিসি'র প্রর্দশনী ও বিক্রয় কেন্দ্রের কোন সুযোগ প্রাপ্য হবেন না;

২১। প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ক্ষতিগ্রস্থ হলে জেডিপিসি থেকে কোন ক্ষতিপূরণের ব্যবস্থা নাই। যে কোন নিবন্ধন বাতিলের ক্ষমতা জেডিপিসি সংরক্ষণ করে;

২২। জেডিপিসি"র উদ্যোক্তা নিবন্ধন, নিবন্ধন নবায়ন, তথ্যছক পূরণ, বার্ষিক টার্ণওভারের তথ্য সংগ্রহ, ডাটাবেইজ তৈরি, নিবন্ধনপূর্ব পরিদর্শনসহ সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে একটি কমিটি গঠিত থাকবে। কমিটি সকল সুপারিশ, সিদ্ধান্ত নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাস্তবায়ন করবেন;

২৩। এই নীতিমালা সময় সময়ে পরিমার্জন, পরিবর্ধন ও প্রয়োজনীয় সংশোধনের ক্ষমতা জেডিপিসি সংরক্ষণ করে;

২৪। এই নীতিমালা ১৭-১১-২০২৪ ইং তারিখ থেকে কার্যকর হবে।

১৭/১১/২০২৪ ১৭/১১/২৪ ১৭/১১/২৪ ১৭.১১.২৪